



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং :- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ ইউনানী ও আয়ু / হোমিও/ ২০১৫-২০১৬/১৯৫৬

তারিখ : ১০/১২/২০১৫

সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজে এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার ফলাফল শিক্ষা বর্ষ : ২০১৫-২০১৬

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিইউএমএস (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী), বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) এবং বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য গত ০৪.১২.২০১৫ইং তারিখ শুক্রবার পৃথীত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (মেধা ও পছন্দ অনুযায়ী) ৫০ জন ছাত্র-ছাত্রীকে সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজে এবং ৫০ জন ছাত্র-ছাত্রীকে সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্তির জন্যে প্রাথমিকভাবে নির্বাচিত করা হল।

বিইউএমএস (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী) এবং বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে সাধারণ আসন ২৩+২৩=৪৬টি, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যাদের পুত্র কন্যার জন্য ০২টি আসন এবং উপজাতীয়দের জন্য ০২টি আসন সংরক্ষিত আছে আবার বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে সাধারণ আসন ৪৮টি, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যাদের পুত্র কন্যার জন্য ০১টি আসন এবং উপজাতীয়দের জন্য ০১টি আসন সংরক্ষিত রাখা হয়েছে।

ইহা ছাড়াও মেধা ভিত্তিক বিইউএমএস, বিএএমএস ও বিএইচএমএস কোর্সের সাধারণ আসনে ১০০ জন ও মুক্তিযোদ্ধা আসনে ০২ জনকে অপেক্ষমাণ তালিকায় রাখা হয়েছে। আসন শূন্য হলে মেধা ও পছন্দ অনুযায়ী ভর্তির সুযোগ পাবেই। নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষের অফিসে ভর্তির ব্যাপারে যোগাযোগ করবেন।

আগামী ১৫-১২-২০১৫ইং হতে ৩১-১২-২০১৫ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ এবং ছাত্র-ছাত্রীবৃন্দকে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পর্যায়ক্রমে ডিনবার মাইগ্রেশন ব্যতীত কোন কলেজে বদলির কোন সুযোগ নেই।

কলেজ কর্তৃপক্ষ আগামী ১০ই জানুয়ারী-২০১৬ইং তারিখে একযোগে ক্লাস শুরু করবেন। ফলাফল ও ভর্তি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মেডিকেল কলেজ ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) থেকে জানা যাবে।

ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি অবশ্যই জমা দিতে হবে :

১. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেস্টিফোনিয়েন্স।
৩. জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।
৪. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৫. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোট প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।
৬. মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্থাপিত সনদ বা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী/ প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যাদের পুত্র কন্যার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫:১৭০.০২২.০৭:০১.০১৪.২০১১-১৮১ তারিখ : মে ০৯, ২০১১ খ্রীস্টাব্দের জারিকৃত বিধি অনুসরণ করতে হবে।

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি
উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন :- ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email : medicaledu313@gmail.com